

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com




স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/ ১৪৬(২৫০)

তারিখ: ১৬.০২.২০২০ খ্রিঃ

বিষয় : সমাপ্তকৃত সেকায়েপ প্রকল্পের প্রকল্পভুক্ত ২৫০টি উপজেলার উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অধীনে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে সকল উপবৃত্তি প্রকল্পসমূহকে একত্র করে “সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচএসপি)” শীর্ষক স্কিম নামে চালু করা হয়েছে। সমাপ্তকৃত সেকায়েপ প্রকল্পের ২৫০টি উপজেলার জানুয়ারী/২০১৮ থেকে জুলাই/২০১৯ পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে বিকাশ লিমিটেড কর্তৃক উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা হালনাগাদ করা হচ্ছে। বিকাশ লিমিটেড কর্তৃক ই-মেইল ও ফোনে যোগাযোগ পূর্বক তথ্যাদি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। আগামী ২৩/০২/২০২০ তারিখের মধ্যে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি হালনাগাদ করে বিকাশের সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এছাড়াও মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত সকল যোগাযোগ hsp.sstipend@gmail.com মেইলে করার জন্য অনুরোধ করা হলো।


(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২।


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা..... জেলা.....।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/ ১৪৬(২৫০)/১(৯) তারিখ: ১৬.০২.২০২০ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড।
- ৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, এমআইএসসেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা শিক্ষা অফিসার, জেলা.....।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা..... জেলা.....।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
- ৯। সংরক্ষণ নথি।


(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
ফোন : ৯৫৫৮০৫৯।